ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিন

খুলনা বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৮

এম.এ. শ্রেণিতে ইতিহাস ও সভ্যতা (History and Civilization)ডিসিপ্লিনে ভর্তি সংক্রান্ত তথ্যাবলী

১. প্রোগ্রামের নাম

এমএ ইন আর্ট, আর্কিটেকচার এণ্ড আর্কিওলোজিক্যাল হিস্ট্রি
এমএ ইন বেঙ্গল এণ্ড সাউথ এসিয়ান হিস্ট্রি
এমএ ইন ইন্টারন্যাশনাল হিস্ট্রি

২.প্রোগ্রামের মেয়াদ

(i) সাধারণ গ্রুপ (শুধু কোর্স ওয়ার্ক): ০১ (এক) বৎসর; ০২ (দুই) টার্ম।
(ii) কোর্স ওয়ার্কসহ থিসিস গ্রুপ: ১.৫ (দেড়) বৎসর; ০৩ (তিন) টার্ম।

৩. আসনসংখ্যা

সাধারণ আসন সংখ্যা তিন স্ট্রিমে মোট ৪০ (পঞ্চাশ) টি। এছাড়া, মুক্তিযোদ্ধাও উপজাতি কোটায় আরো ১টি করে মোট ২টি আসন সংরক্ষিত থাকবে। কোটার আসনের বিপরীতে কোনো শিক্ষার্থী না পাওয়া গেলে সাধারণ আসন থেকে পূরণ করা যাবে। কর্তৃপক্ষ আসন সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করে।

৪. আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা

(ক) প্রার্থীর এসএসসি থেকে শুরু করে পরবর্তী সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সিজিপিএ ২.৫০ থাকতে হবে।

(খ) উপরন্তু, প্রার্থীর নিম্নলিখিত যে কোন একটি যোগ্যতা থাকতে হবে:

i.স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠান থেকে ইতিহাস ও সভ্যতা/ ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি;

ii. স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠান থেকে ইতিহাস ও সভ্যতা/ ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ সংশ্লিষ্ট বিষয়ে ০৩ (তিন) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ও ০১/০২ (এক/দুই) বছর মেয়াদি স্নাতকোত্তর ডিগ্রি;

iii.স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠান থেকে ০৩/০৪ (তিন/চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ও ০১/০২ (এক/দুই)বছর মেয়াদি স্নাতকোত্তর ডিগ্রি। তবেশর্ত থাকে যে, প্রার্থীর স্নাতক পর্যায়ে আবশ্যিক ইতিহাস ও সভ্যতা/ ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ৪৫% নম্বর/ সিজিপিএ ২.৫০ থাকতেহবে;

iv. স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠান থেকে ০২ (দুই) বছর মেয়াদি স্নাতক ও ০২ (দুই) বছর মেয়াদি স্নাতকোত্তর ডিগ্রি থাকতেহবে। এছাড়াও কমপক্ষে ০২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) স্নাতক/ স্নাতক (সম্মান)/ মাস্টার্সে অবতীর্ণ প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হলে তাদেরকে অবশ্যই স্নাতক/ স্নাতক (সম্মান)/ মাস্টার্স পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রমাণপত্র দাখিল করতে হবে। তবে বিশেষ ক্ষেত্রে উক্ত প্রমাণপত্র ক্লাস শুরুর তারিখ থেকে পরবর্তী ০৪ (চার) সপ্তাহের মধ্যে দাখিল করতে হবে। অন্যথায় ভর্তি বাতিল হবে।

৫. চাকরিরত প্রার্থীদের আবেদনপত্রের সাথে নিয়োগকর্তা প্রদত্ত অভিজ্ঞতা সনদপত্র দাখিল করতে হবে। ভর্তির জন্য মনোনীত হলে তিনি শিক্ষাকার্যক্রমে নিরবিচ্ছিন্নভাবে অংশ নিতে পারবেন মর্মে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করবেন।

৬. খুলনা বিশ্ববিদ্যালয়ওয়েবসাইট (www.ku.ac.bd) থেকে আবেদনপত্র ও ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী সংগ্রহ করতে হবে।প্রার্থীকে ডিসিপ্লিন কার্যালয়ে আবেদনপত্রের মূল্য বাবদ ২,০০০/-(দুইহাজার) টাকা অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখার সঞ্চয়ী হিসাব নম্বর: ০২০০০১৭৮৩৪৯১৫ এ জমাদান করতে হবে।

৭. আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

(ক) সকল পরীক্ষার মার্কশীট/ট্রান্সক্রিপ্ট ও সনদপত্রের সত্যায়িত কপি
(খ) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ২ (কপি) রঙিন ছবি।
(গ) ২,০০০/- (দুইহাজার) টাকা জমাদানের রশিদ।

৮. আবেদনপত্রটি প্রয়োজনীয় কাগজপত্রসহ ১৫/১১/২০২২ খ্রি. থেকে ১৫/১২/২০২২ খ্রি. তারিখ (দুপুর: ১২:০০টা) এর মধ্যে অফিস চলাকালীন কবি জীবনানন্দ দাশ ভবনস্থ ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিন কার্যালয়ে জমা দিতে হবে।

৯. ভর্তি পরীক্ষা ইতিহাস ও সভ্যতা/ ইতিহাস/ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/ সংশ্লিষ্ট বিষয়ের উপরে (বাংলা, ইংরেজি অথবা উভয় মাধ্যমে) অনুষ্ঠিত হবে।

১০.ভর্তি পরীক্ষার ফলাফল নিজ দায়িত্বে নির্দিষ্ট তারিখে ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিনের নোটিশ বোর্ডে ও ওয়েবসাইট(www.ku.ac.bd) থেকে জেনে নিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

১১.ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলী ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিনের অফিসে (মোবাইল নম্বর: ০১৭৬২-৫৮২৭৩৩) যোগাযোগ করে অথবা খুলনা বিশ্ববিদ্যালয়েরওয়েবসাইটwww.ku.ac.bd দেখে জেনে নিয়ে আবেদন করার পরামর্শ দেওয়া হলো।

১২. ভর্তি সংক্রান্ততারিখসমূহ:

ক) আবেদন ফরম সংগ্রহ ও জমাদান	: ১৫/১১/২০২২ থেকে ১৫/১২/২০২২ (দুপুর ১২:০০টা পর্যন্ত)
খ) যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ	: ১৫/১২/২০২২ খ্রি. বিকাল ৪:০০ টা
গ) ভর্তি পরীক্ষার স্থান, তারিখ ও সময়	: ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়, ১৮ ডিসেম্বর, ২০২২, সকাল ১০.০০টা
ঘ) উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশ	: ১৯ ডিসেম্বর, ২০২২, দুপুর ১২:০০ টা
ঙ) সাধারণ ও কোটা আসনে ভর্তি	: ২৬/১২/২০২২ থেকে ২৭/১২/২০২২ সকাল ১০:০০ টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত
চ) কোর্স রেজিস্ট্রেশন (জরিমানা ব্যতীত)	: ০১/০১/২০২৩ থেকে ০৫/০১/২০২৩ খ্রি. পর্যন্ত
(জরিমানাসহ)	: ০৮/০১/২০২৩ থেকে ১২/০১/২০২৩ খ্রি. পর্যন্ত
ছ) ক্লাস শুরু	: ০১/০১/২০২৩ খ্রি. তারিখ থেকে

১৩. অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখায় সঞ্চয়ী হিসাব নম্বর- ০২০০০১৭৮৩৪৯১৫-এ ২,০০০/- (দুই হাজার) টাকা জমা দিয়ে আবেদন ফরম ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলি সংগ্রহ করতে হবে।.

১৪. ভর্তি সংক্রান্ত যে কোনো নিয়ম-কানুন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বিঃদ্রঃ

১) কোটা তালিকায় নির্ধারিত প্রার্থীদের ভর্তি খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সনদপত্রের সত্যায়ন প্রাপ্তি সাপেক্ষে চূড়ান্ত হবে।

২) ইউজিসি কর্তৃক যে সকল বিশ্ববিদ্যালয়ের সনদ অবৈধ ঘোষিত হয়েছে সে সকল প্রতিষ্ঠানের সনদধারীদের ভর্তির আবেদন গৃহীত হবে না।

(হাফিজ আহমেদ)
প্রধান (ভারপ্রাপ্ত), ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিন
ও
সভাপতি
এম.এ (ইতিহাস ও সভ্যতা) ভর্তিকমিটি, শিক্ষাবর্ষ ২০২২-২০২৩
ইতিহাস ও সভ্যতা ডিসিপ্লিন
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৮